**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

### ঢাকা, বৃহস্পতিবার ২০ অক্টোবর ২০১৬, ৫ কার্তিক ১৪২৩

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সাইবার সিকিউরিটি সক্ষমতা বৃদ্ধির তাগিদ প্রধানমন্ত্রীর
:'ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬' প্রযুক্তিমেলা উদ্বোধন

২। প্রধানমন্ত্রী আজ বঙ্গবন্ধু মিডিয়া কমপ্লেক্সের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন

৩। জঙ্গি-সন্ত্রাসীদের যারা মদদ দেবে তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে
: আওয়ামী লীগ কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা

৪। বাংলাদেশে ডেনমার্কের আরও বিনিয়োগের আহ্বান রাষ্ট্রপতির

৫। অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে ৩ প্রস্তাব অনুমোদন

৬। চট্টগ্রামে কর্ণফুলী টানেল নির্মাণে পরামর্শক প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি স্বাক্ষর

৭। বাংলাদেশের তথ্যপ্রযুক্তি খাতে বিনিয়োগের জন্য বিভিন্ন
দেশের প্রতি প্রধানমন্ত্রীর তথ্য প্রযুক্তিবিষয়ক উপদেষ্টার আহ্বান

৮। পথচারীদের জন্য সড়ক ফুটপাথে খাবার পানি ও গুরুত্বপূর্ণ স্থানে
পাবলিক টয়লেটের ব্যবস্থা করবে ডিএসসিসি

৯। চলতি ২০১৬-১৭ অর্থবছরে জুলাই-সেপ্টেম্বর মেয়াদে
মাছ রপ্তানিতে আয় ১ হাজার ৭৪ কোটি টাকা

১০। সোহরাওয়ার্দী উদ্যানে কোনো দর্শনার্থী আগামীকাল থেকে ৩ দিন ঢুকতে পারবে না : ডিএমপি

১১। দেশের ২২টি ইউনিয়ন পরিষদে ভোট আগামী ১২ নভেম্বর

১২। বাংলাদেশ- ইংল্যান্ড প্রথম টেস্ট ম্যাচ আজ শুরু

চলমান পাতা-২

**১।	সাইবার সিকিউরিটি সক্ষমতা বৃদ্ধির তাগিদ প্রধানমন্ত্রীর**
**:'ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬' প্রযুক্তিমেলা উদ্বোধন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সাইবার সিকিউরিটির সক্ষমতা বৃদ্ধির তাগিদ দিয়ে বলেছেন, ডিজিটালাইজেশনের সঙ্গে সঙ্গে নিরাপত্তা সংক্রান্ত কিছু সমস্যার সৃষ্টি হয়েছে। এ কারণে সাইবার সিকিউরিটি বিষয়ে সক্ষমতা বাড়াতে হবে। ডিজিটাল সুবিধা ব্যবহার করে কেউ যেন অপরাধ কার্যক্রম চালাতে না পারে সে ব্যবস্থাও নিতে হবে। বিশেষ করে আর্থিক খাত এবং গোপনীয় বিষয়ের নিরাপত্তা যাতে কোনভাবেই বিঘ্নিত না হয়, সে বিষয়ে সতর্ক থাকা প্রয়োজন। আর এ লক্ষ্যে জনসম্পদ তৈরি এবং প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহ করা হবে। গতকাল **১৯** অক্টোবর বুধবার সকালে রাজধানীর বসুন্ধরা ইন্টারন্যাশনাল কনভেনশন সিটিতে দেশের সর্ববৃহৎ তথ্যপ্রযুক্তি মেলা 'ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৬'র উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫)। **বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে। **সংবাদ, ভোরের কাগজ, জনকণ্ঠ, বাংলাদেশ টুডে, নিউজ টুডে, অবজারভার, ডেইলি সান, এশিয়ান এজ**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**২।	প্রধানমন্ত্রী আজ বঙ্গবন্ধু মিডিয়া কমপ্লেক্সের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ ২০ অক্টোবর বৃহস্পতিবার জাতীয় প্রেসক্লাবের প্রস্তাবিত **৩১**তলা বিশিষ্ট 'বঙ্গবন্ধু মিডিয়া কমপ্লেক্স'র ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। জাতীয় প্রেসক্লাবের ৬২তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে সকাল সাড়ে দশটায় এ ভিত্তিপ্রস্তর অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। জাতীয় প্রেসক্লাবের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **যুগান্তর** (পৃ.১৬,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.১)।

**৩।	জঙ্গি-সন্ত্রাসীদের যারা মদদ দেবে তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে**
**: আওয়ামী লীগ কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের ধারাবাহিকতা রক্ষায় সবাইকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করার উদাত্ত আহ্বান জানিয়ে বলেছেন, ধারাবাহিকভাবে আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আছে বলেই দেশে ব্যাপক উন্নয়ন হচ্ছে, সব দিক থেকে দেশ এগিয়ে যাচ্ছে। সরকারের এ ধারাবাহিকতা আমাদের ধরে রাখতে হবে। দেশের জনগণ জানে একমাত্র আওয়ামী লীগই দেশের উন্নয়ন করতে পারে, তাদের ভাগ্যের পরিবর্তন করতে পারে। আওয়ামী লীগ নির্বাচনী ইশতেহারে জনগণকে যেসব ওয়াদা দিয়েছিল, সেগুলো পূর্ণ করেছি, আমরা যে ওয়াদা করি তা রক্ষা করি। গতকাল **১৯** অক্টোবর বুধবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের সভায় আগামী ২২-২৩ অক্টোবর অনুষ্ঠেয় আওয়ামী লীগের ২০তম কেন্দ্রীয় জাতীয় কাউন্সিলের সর্বশেষ প্রস্তুতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৩), **ডেইলি সান,** (পৃ.১,ক.২)। **নিউজ টুডে** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**৪।	বাংলাদেশে ডেনমার্কের আরও বিনিয়োগের আহ্বান রাষ্ট্রপতির**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বাংলাদেশে বিনিয়োগবান্ধব পরিবেশ থাকায় এখানে আরও বেশি বিনিয়োগের জন্য ডেনমার্কের বিনিয়োগকারীদের প্রতি আহ্বান জানিয়েছেন। বাংলাদেশে নবনিযুক্ত ডেনমার্কের রাষ্ট্রদূত মিকায়েল হ্যামনিটি উইনথার গতকাল **১৯** অক্টোবর বুধবার বঙ্গভবনে রাষ্ট্রপতির কাছে পরিচয়পত্র পেশকালে তিনি এ আহ্বান জানান। **সূত্র-সংবাদ** (পৃ.৪,ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৩), **অবজারভার** (পৃ.১০,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫)।

**৫।	অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে ৩ প্রস্তাব অনুমোদন**

জয়দেবপুর-ঈশ্বরদী সেকশনে ডুয়েলগেজ ডাবল লাইন নির্মাণ প্রকল্প বাস্তবায়নে চীনা ঠিকাদারকে নিয়োগ দেওয়ার প্রস্তাব অনুমোদন করেছে অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। প্রকল্পটি বাস্তবায়িত হলে ঢাকা থেকে রাজশাহী যেতে সাড়ে ছয় ঘন্টার পরিবর্তে চার ঘন্টা লাগবে। সচিবালয়ে গতকাল **১৯** অক্টোবর বুধবার অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। বৈঠক সূত্র জানায় প্রকল্পর ব্যয় ধরা হয়েছে ৭ হাজার ২৯৬ কোটি টাকা। এ প্রকল্পটি বাস্তবায়নের কাজ পেয়েছে চায়না সিভিল ইঞ্জিনিয়ারিং কনস্ট্রাকশন করপোরেশন। প্রকল্পের আওতায় **১৭৩** দশমিক ৩৪ কিলোমিটার ডুয়েলগেজ ডাবল রেললাইন নির্মাণ করা হবে। সূত্র-**প্রথম আলো** (পৃ.১২,ক.৩), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১৭,ক.৬)।

**৬।	চট্টগ্রামে কর্ণফুলী টানেল নির্মাণে পরামর্শক প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি স্বাক্ষর**

চট্টগ্রামে কর্ণফুলী নদীর তলদেশ দিয়ে কর্ণফুলী টানেলের নির্মাণকাজ তদারকি এবং নকশা পর্যালোচনার জন্য পরামর্শক প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি করেছে সরকার। গতকাল **১৯** অক্টোবর বুধবার রাজধানীর সেতু ভবনে এ চুক্তি

স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের পক্ষে প্রধান প্রকৌশলী কবির আহম্মেদ এবং পরামর্শক প্রতিষ্ঠানগুলোর পক্ষে গ্যাভিন হ্যারং স্ট্রিড চুক্তিতে স্বাক্ষর করেন। এ সময় সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের ও সেতু বিভাগের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৮)।

৭। **বাংলাদেশের তথ্যপ্রযুক্তি খাতে বিনিয়োগের জন্য বিভিন্ন দেশের প্রতি প্রধানমন্ত্রীর তথ্য প্রযুক্তিবিষয়ক উপদেষ্টার আহ্বান**

বাংলাদেশের তথ্যপ্রযুক্তি খাতে বিনিয়োগের জন্য বিভিন্ন দেশের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়। তিনি বলেন, দেশের ৯০ ভাগ মানুষ এখন ই-সেবা পাচ্ছেন, বাড়ছে ই-কমার্সের ক্ষেত্র, মোবাইলে, ইন্টারনেটে ও প্রযুক্তিতে মানুষের সংযোগ। ২০২১ সালের মধ্যে ২০ লাখ তরুণ পেশাজীবী তৈরির কার্যক্রম চলছে। তথ্যপ্রযুক্তিকে প্রাধান্য দিয়েই এগিয়ে চলছে দেশ। দেশ বিবেচনায় বিনিয়োগের জন্য ইতিবাচক দেশ বাংলাদেশ। কাজেই এখানে বিনিয়োগের জন্য এখন সেরা সময়। রাজধানীতে গতকাল ১৯ অক্টোবর বুধবার থেকে শুরু হওয়া তথ্যপ্রযুক্তি প্রদর্শনী 'ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৬'তে মিনিস্ট্রিয়াল কনফারেন্সে তিনি এ আহ্বান জানান। ৭ দেশের তথ্যপ্রযুক্তি বা সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী ও প্রতিনিধিরা এতে অংশ নেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.১), **প্রথম আলো** (পৃ.১৪,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১)।

৮। **পথচারীদের জন্য সড়ক ফুটপাথে খাবার পানি ও গুরুত্বপূর্ণ স্থানে পাবলিক টয়লেটের ব্যবস্থা করবে ডিএসসিসি**

পথচারীদের পানির পিপাসা মেটাতে ছোট-বড় সকল সড়কের পাশে, ফুটপাথ ও অলিগলিতে বিনামূল্যে সুপেয় খাবার পানির ব্যবস্থা করবে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (ডিএসসিসি)। আগামী ৩ থেকে ৪ মাসের মধ্যেই এই সুপেয় বিশুদ্ধ খাবার পানির কার্যক্রম বাস্তবায়ন করা হবে। প্রাথমিকভাবে সকল বড় রাস্তায় ও ফুটপাথে এই খাবার পানির 'ওয়াটার ফাউন্টেন' বসানো হবে বলে জানিয়েছেন সংস্থার মেয়র মোহাম্মদ সাঈদ খোকন। পরবর্তীতে সকল অলিগলি, স্কুলের আশেপাশে ও মোড়ে মোড়ে চাহিদামতো এর সংখ্যা বাড়ানো হবে। একইসঙ্গে ২০১৭ সালের মধ্যে নগরীর বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে পরিবেশ ও নারীবান্ধব, স্বাস্থ্যসম্মত নতুন একশ' পাবলিক টয়লেট স্থাপনের ঘোষণা দেন। গতকাল ১৯ অক্টোবর বুধবার নগর ভবনের 'মেয়র হানিফ স্মৃতি মিলনায়তনে' ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের উদ্যোগে 'ওয়াটার এইড এবং কনসার্নড ওমেন ফর ফ্যামিলি ডেভেলপমেন্টের সহযোগিতাকরণ' সভায় মেয়র এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **সমকাল** ( পৃ.৩,ক.৫)।

৯। **চলতি ২০১৬-১৭ অর্থবছরে জুলাই-সেপ্টেম্বর মেয়াদে মাছ রপ্তানিতে আয় ১ হাজার ৭৪ কোটি টাকা**

চলতি ২০১৬-১৭ অর্থবছরে জুলাই-সেপ্টেম্বর মেয়াদে হিমায়িত ও জীবিত মাছ রপ্তানিতে আয় হয়েছে ১৩ কোটি ৬৭ লাখ ২০ হাজার মার্কিন ডলার বা ১ হাজার ৭৪ কোটি টাকা। এর মধ্যে শুধু চিংড়ি রপ্তানিতে আয় হয়েছে ১২ কোটি ৪২ লাখ ৯০ হাজার মার্কিন ডলার বা প্রায় ৯৭৭ কোটি টাকা। যা মোট মাছ রপ্তানির প্রায় ৯০ দশমিক ৯১ শতাংশ। বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরোর সেপ্টেম্বর মাসে প্রকাশিত হালনাগাদ প্রতিবেদন থেকে এই তথ্য জানা গেছে। চলতি অর্থবছরের প্রথম প্রান্তিকে মৎস্য রপ্তানিতে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল ১৩ কোটি ৮ লাখ ১০ হাজার মার্কিন ডলার। এর বিপরীতে এ সময় আয় হয়েছে ১৩ কোটি ৬৭ লাখ ২০ হাজার মার্কিন ডলার যা লক্ষ্যমাত্রার চেয়ে ৪ দশমিক ৫২ শতাংশ বেশি। সূত্র-**যায়যায়দিন** (পৃ.৫,ক.৬), **ভোরের কাগজ** (পৃ.৯,ক.১)।

১০। **সোহরাওয়ার্দী উদ্যানে কোনো দর্শনার্থী আগামীকাল থেকে ৩ দিন ঢুকতে পারবে না : ডিএমপি**

আওয়ামী লীগের সম্মেলনে নিশ্ছিদ্র নিরাপত্তা দিতে আগামীকাল শুক্রবার থেকে আগামী রোববার (২১-২৩ অক্টোবর) পর্যন্ত রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে সাধারণ দর্শনার্থীদের প্রবেশ নিষিদ্ধ ঘোষণা করেছে ঢাকা মহানগর পুলিশ। ওই সময়কালে সম্মেলনে আগত অতিথি ও আমন্ত্রিতদের চলাচল নির্বিঘ্ন করতে রাজধানীর বিভিন্ন সড়কে যান চলাচলও নিয়ন্ত্রণ করা হবে। ডিএমপি কমিশনার আছাদুজ্জামান মিয়া গতকাল ১৯ অক্টোবর বুধবার সোহরাওয়ার্দী উদ্যানের সম্মেলন এলাকা ঘুরে দেখে এ তথ্য জানান। আগামী শনিবার ও রোববার সোহরাওয়ার্দী উদ্যানে আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলন হওয়ার কথা রয়েছে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৫,ক.৩), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.১)। **সংবাদ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

১১। **দেশের ২২টি ইউনিয়ন পরিষদে ভোট আগামী ১২ নভেম্বর**

আগামী ১২ নভেম্বর ২২টি ইউনিয়ন পরিষদে ভোটগ্রহণ করা হবে। অনিয়ম, ঘূর্ণিঝড় এবং প্রার্থীর ভোট সমান হওয়ায় এসব ইউনিয়ন পরিষদে পুনঃভোটগ্রহণ করা হবে। এছাড়া ৩১ অক্টোবর আরও ৪টি ইউনিয়ন পরিষদে

ভোট হবে। গতকাল **১৯** অক্টোবর বুধবার নির্বাচন কমিশন উপ-সচিব ফরহাদ আহাম্মদ খান বলেন, নির্বাচন কমিশনের এ সংক্রান্ত নির্দেশনা রিটার্নিং কর্মকর্তাদের কাছে পাঠানো হয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৫), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (পৃ.২,ক.৫), **যায়যায়দিন** (শেষ পৃ.,ক.৫)।

**১২। বাংলাদেশ- ইংল্যান্ড প্রথম টেস্ট ম্যাচ আজ শুরু**

বাংলাদেশের ক্রিকেট অবশেষে প্রায় পনেরো মাস পর টেস্ট ক্রিকেটের জন্য প্রতীক্ষার অবসান হতে যাচ্ছে আজ। এই ফরম্যাটের অন্যতম শক্তিধর দল ইংল্যান্ডের বিপক্ষে দুই ম্যাচের সিরিজের প্রথমটি শুরু হচ্ছে আজ চট্টগ্রামে। সিরিজের প্রথম টেস্টের খেলা আজ জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে সকাল **১০**টা থেকে শুরু হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪)।

## সম্পাদকীয়

**ক.** **সংবাদ :** পার্বত্য অঞ্চলের ভূমিবিরোধ নিষ্পত্তির প্রক্রিয়া শুরু হওয়ায় আদিবাসী ও সেটেলার বাঙালিসহ উভয় পক্ষকে ইতিবাচক হওয়ার আহ্বান।

**খ.** **জনকণ্ঠ :** কৃত্রিম সংকট সৃষ্টি করে চালের দাম বৃদ্ধিসহ চাল নিয়ে যে ধরনের অনিয়ম চলছে তা দ্রুত বন্ধ করা জরুরী হয়ে পড়ায় এ বিষয়ে কর্তৃপক্ষকে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**গ.** **প্রথম আলো :** দুর্নীতিবিরোধী কার্যক্রমে মানুষের আস্থা ফেরাতে টিআইর চেয়ারপারসন 'বড় দুর্নীতিবাজদের' ধরতে যে আহ্বান জানিয়েছেন তা আমলে নিয়ে দুর্নীতির রাঘববোয়ালদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার আহ্বান।

**ঘ.** **সমকাল :** আমদানি করা ২০ সেট ডেমু ট্রেন দেশে চলাচলের উপযুক্ত না হওয়ায় এই ট্রেনগুলো কারা আনার সিদ্ধান্ত নিয়েছিল, কীভাবে নিয়েছিল এসব দায়দায়িত্ব নিরূপণে তদন্ত হওয়ার প্রত্যাশা।

**ঙ.** **যুগান্তর :** দেশে বেসরকারি বিনিয়োগে নেতিবাচক ধারা বজায় থাকায় ব্যবসাবান্ধব পরিবেশ নিশ্চিত করতে কার্যকর উদ্যোগ নেওয়ার সুপারিশ।

**চ.** **ইনকিলাব :** চীনের তৈরি কৃত্রিম ডিম নিয়ে জনমনে সৃষ্ট উদ্বেগ-উৎকণ্ঠা দূরীকরণে কর্তৃপক্ষকে বিষয়টি খতিয়ে দেখার উদ্যোগ নেওয়ার সুপারিশ।

**ছ.** **ডেইলি সান :** যথাযথ কর্তৃপক্ষের কার্যকর মনিটরিংয়ের অভাবে বাজারে ওষুধের দাম বৃদ্ধি পাওয়ায় জনস্বার্থে সবার ক্রয়ক্ষমতার মধ্যে ওষুধের দাম রাখার ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

**জ.** **ইন্ডিপেনডেন্ট :** একই ব্যক্তির বিভিন্ন নামে একাধিক পাসপোর্ট থাকার বিষয় তুরে ধরে ইমিগ্রেশন এবং পাসপোর্ট ডিপার্টমেন্টকে এ ব্যাপরে নজরদারি বাড়ানোসহ সতর্কতামূলক ব্যবস্থা জোরদার করার আহ্বান।

**ঝ.** **নিউজ টুডে :** দরিদ্র কিডনি রোগীদের চিকিৎসা ব্যয় দিন দিন বেড়ে যাওয়ায় সরকারকে এ রোগের বিষয়ে জনগণের মধ্যে সচেতনতা বাড়তে পর্যাপ্ত ব্যবস্থা নেওয়াসহ চিকিৎসা ব্যয় কমানোর সুপারিশ।

**ঞ.** **নিউ নেশন :** ভুয়া সিমের সাথে জড়িত প্রতিষ্ঠান বা কর্মীদের দ্রুত শনাক্ত করে তাদের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে চীনের অভিজ্ঞতা নিয়ে বাংলাদেশের অর্থনীতি সমৃদ্ধ হওয়ার বিষয়ে আলোকপাত করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'ইন্টারনেটে আসক্তি ও শিক্ষার মান'** শিরোনামের নিবন্ধে মুহাম্মদ ইয়াহইয়া আখতার স্কুল শিক্ষার্থীদের লেখাপড়ায় মনোযোগী করার লক্ষ্যে তাদের মোবাইল ও ইন্টারনেট আসক্তিমুক্ত করতে শিক্ষা মন্ত্রণালয়কে উপায় উদ্ভাবন করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

**#**

ফারহানা/শুকলা/মরজিনা/রশীদ/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা